



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমবায় অধিদপ্তর  
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩৮.২৩ (বিমা-০৮/২০২৩)-১৯৭-৬/৩

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২  
১৯ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ মোস্তফা কামাল, মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, খুলনা সদর, খুলনা ও প্রাক্তন উপজেলা সমবায় সমবায় অফিসার (অঃদাঃ), বটিয়াঘাটা, খুলনা এর বিরুদ্ধে যথাক্রমে ০৪ (চার)টি অভিযোগ হলো: (১) জনাব মোঃ মোস্তফা কামাল, উপজেলা সমবায় কর্মকর্তা, বটিয়াঘাটা, খুলনা এর অতিরিক্ত দায়িত্ব পালনকালে জনাব গোপীনাথ রায় ফ্যাসিলিটের (“উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন” প্রকল্পের আদায়কৃত ঋণ হতে ৪৫,৬২,৪৬২/- (পঁয়তাল্লিশ লক্ষ বাষট্টি হাজার চারশত বাষট্টি টাকা) আত্মসাৎ করেছেন; (২) তিনি প্রকল্পের আদায়কৃত ঋণের টাকা ব্যাংকে জমার বিষয়ে যথাযথভাবে তদারকি না করে প্রত্যুতকৃত রিটার্নে স্বাক্ষর করেছেন কিন্তু ব্যাংক স্টেটমেন্ট দেখেন নি; (৩) তাঁর দায়িত্ব পালনকালে অবহেলার কারণে জনাব গোপীনাথ রায় ফ্যাসিলিটের প্রকল্পের আদায়কৃত ঋণ হতে ৪৫,৬২,৪৬২/- (পঁয়তাল্লিশ লক্ষ বাষট্টি হাজার চারশত বাষট্টি টাকা) আত্মসাৎ করেছেন; (৪) তাঁর কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) অসদাচরণের পর্যায়ভুক্ত। বর্ণিত ০৪ টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.১৮.০১৫.৯৭(বিমা-০৮/২০২৩)-১২৫৩(৪)-এ/ও, তারিখ: ১৬.১১.২০২৩ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে ০৮/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু তিনি জনাব মোঃ মোস্তফা কামাল ২৮/১১/২০২৩ তারিখে লিখিত জবাব দাখিল করেন, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নম্বর: ৭৭৮(৫)-এ/ও, তারিখ: ১২.০৫.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহে পরিলক্ষিত হয় যে তিনি প্রকল্পের ঋণ আদায়সহ সার্বিক আর্থিক কার্যক্রম তদারকিতে দায়সারাভাবে দায়িত্ব পালন করেছেন। জনাব গোপীনাথ রায় ফ্যাসিলিটের এবং তাঁর অধিনস্থ সহকারী পরিদর্শকদ্বয়কে প্রদত্ত দায়িত্ব পালন না করলেও তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করেন নি। প্রকল্পের রিটার্ন স্বাক্ষর করেছেন কিন্তু ব্যাংক স্টেটমেন্ট দেখেন নি। আর্থিক কর্মকান্ড হিসেবে ঋণ আদায় ও ব্যাংকে জমা প্রদানের বিষয়টিতে তাঁর আরো বেশি দায়িত্বপূর্ণ আচরণ ও সর্তকতা অবলম্বন করা প্রয়োজন ছিল যা সুচারুরূপে পরিচালনা করতে ব্যর্থ হয়েছেন। যা তাঁর দায়িত্ব পালনে অবহেলার শামিল মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন;

০৩। যেহেতু স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩৮.২৩.(বিমা-০৮/২০২৩)-১৫২(৫)-এ/ও, তারিখ: ২৭.০১.২০২৬ মূলে শুনানির নোটিশ জারি করা হয় এবং ১৬.০২.২০২৬ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৪। যেহেতু অভিযুক্তের জবাব তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের ব্যক্তিগত শুনানি এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনা করে বিশ্বাস জন্মেছে যে অভিযুক্ত কোন অর্থের আত্মসাথে জড়িত নয় এবং তার এবং কৃত কার্যাবলী সরল বিশ্বাসে করেছেন;

০৫। যেহেতু অভিযুক্ত কর্তৃক কৃত কাজ সরল বিশ্বাসে সম্পাদন করা হয়েছে মর্মে প্রতীতি জন্মেছে এবং তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মতে অসদাচরণ এর অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু জনাব মোঃ মোস্তফা কামাল, মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, খুলনা সদর, খুলনা ও প্রাক্তন উপজেলা সমবায় সমবায় অফিসার (অঃদাঃ), বটিয়াঘাটা, খুলনা-কে সতর্ক অন্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) মোতাবেক মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ ইসমাইল হোসেন

ফোন: ০২-৪৮১১৯৩০৫

মোঃ ইসমাইল হোসেন

নিবন্ধক ও মহাপরিচালক


ফোন: ০২-৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২১.২২.(বিমা-১৪/২০২২)-২৯৭/২(৬)-৬/৩

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২  
২৯ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
৩. জেলা সমবায় অফিসার, খুলনা।
৪. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. উপজেলা সমবায় অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
৬. জনাব মোঃ মোস্তফা কামাল, মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, খুলনা সদর, খুলনা।

  
২৯/২/২০২৬  
(মোঃ ইসমাইল হোসেন)  
নিবন্ধক ও মহাপরিচালক  
ফোন: ০২-৪৮১১৯৩০৫